

উইন্ডোজ ১০-এর সবচেয়ে খারাপ বাগ এবং সেগুলো ফিল্ড করা

তাসনীম মাহমুদ


যদি আপনি উইন্ডোজের খুব গভীরে ঢুকে কাজ করতে চান, তাহলে এক্ষেত্রে আপনার প্রথম অভিজ্ঞতাটা খুব একটা সুস্থকর ও নিরবচ্ছিন্ন হবে না বলা যায়। ইদানীং প্রতিটি সফটওয়্যার মনে হয় প্রতিনিয়তই উন্নত থেকে উন্নততর হয়ে আসছে। মাইক্রোসফটের নতুন অপারেটিং সিস্টেম উইন্ডোজ ১০-এর ক্ষেত্রে এর ব্যতিক্রম হতে দেখা যায়।

এর অর্থ এই নয়, উইন্ডোজ ১০ ব্যবহারকারীরা সম্পর্কপে দুর্দশার শিকার হবেন। বর্তমানে প্রচুর লোক তাদের সিস্টেমকে কোনো সমস্যা ছাড়াই উইন্ডোজ ১০-এ আপডেট করছেন। তবে যারা মাঝেমধ্যে উইন্ডোজ ১০ ব্যবহার করতে গিয়ে সমস্যায় পড়েছেন, তাদের জন্য নিচে বর্ণিত টুকরো তথ্যগুলো বেশ সহায়তা করতে পারে। এজন্য আপনাকে অবশ্যই কিছুটা হলেও নতুন এ সিস্টেমে অভ্যন্ত হতে হবে এবং কনফিগারেশন হতে হবে আপনার নিজের সিস্টেমের সেটআপ।

কম্পিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ ব্যবহারকারীর পাতায় এবার উইন্ডোজ ১০-এর সবচেয়ে খারাপ বাগ এবং সেগুলো ফিল্ড করার কৌশল দেখানো হয়েছে। নিচে উইন্ডোজ ১০ ব্যবহারকারীদের উদ্দেশে সবচেয়ে কমন বা সাধারণ সমস্যাসহ ট্রাবলশুটিং তুলে ধরা হয়েছে।

ব্যাটারির আয়ু

সময়েপযোগী নতুন অপারেটিং সিস্টেম আপডেটের প্রসঙ্গটি এলেই সঙ্গত কারণে সাধারণত ব্যাটারির ইন্সুট্ট হয়ে ওঠে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিবেচ্য। তবে লক্ষণীয়, উইন্ডোজ ১০-এর ক্ষেত্রে ব্যাটারির আয়ু প্রসঙ্গটি খুব একটা বড় ধরনের বিবেচ্য বিষয় নয়। যদি দেখেন আপনার হার্ডওয়্যার খুব দ্রুত শক্তি অপচয় করছে, তাহলে চেক করে দেখুন ম্যানুফেকচারের দেয়া কোনো ফার্মওয়্যার এতে ইনস্টল করা আছে কিনা, অথবা ড্রাইভার ফিল্ড নামে কোনো ইউটিলিটি আছে কিনা, যা আপনার হার্ডওয়্যারকে অপটিমাইজ করতে পারবে উইন্ডোজ ১০ এর চাহিদার সাথে ভালোভাবে ম্যাচ করার জন্য।




চিত্র-১ : ব্যাটারির স্ট্যাটাস দেখা

বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী উইন্ডোজ ১০ ব্যাকগ্রাউন্ডে যা নিয়মিতভাবে ডাউনলোড ও ইনস্টল করা হয় সেগুলো আপডেট রাখুন, যা হয়তো ব্যাটারির আয়ুর ওপর ক্ষতিকর প্রভাব ফেলতে পারে। যদি মনে করেন চার্জের লেভেল খুব দ্রুত কমে যাচ্ছে, তাহলে আপডেটকে দায়ী করতে পারেন। এক্ষেত্রে আপনি আকস্মিক বিপর্যয় থেকে পরিপ্রাণ পেতে পারেন,

যদি আপডেট ছাড়াই পুরনো ভার্সনে চলতে পারেন। এতে ব্যাটারির আয়ু খারাপ হওয়ার পরিবর্তে আরও উন্নত হবে।

ডিফল্ট অ্যাপ

আমাদের চেথে দেখা অন্যতম এক ইন্সুট্ট হলো উইন্ডোজ ৮.১-এ যত্নসহকারে রাখা ডিফল্ট ফাইল অ্যাসোসিয়েশন উইন্ডোজ ১০ অপসারণ করে। সুতরাং একটি ছবিতে ডাবল ক্লিক করলে প্রয়োজনীয় কোনো ফাইল ওপেন না করে উইন্ডোজ নিজের ইমেজ অ্যাপ্লিকেশন ওপেন করে। এটি হতে পারে যদি আপনি আপডেট ইনস্টলারকে এগুলোকে ছেড়ে দিতে বলেন।



চিত্র-২ : সেটিংস ডিফল্ট অ্যাপ বেছে নেয়া

এ কাজটি বিরক্তিকর হলেও ফিল্ড করা খুব একটা কঠিন কোনো কাজ নয়। এজন্য টাক্সিবার থেকে সেটিংস অ্যাপ চালু করে System-এ ক্লিক করুন এবং এরপর Default apps অপশন বেছে নিন। এর বিকল্প হিসেবে File Explorer-এ ডাবল ক্লিক করুন। এবার Open with অপশন বেছে নিয়ে Choose another app বেছে নিন। এরপর Always use this app মার্ক কার বক্সে টিক দিন যেহেতু একটি নতুন প্রোগ্রাম বেছে নিয়েছেন।

বাগি বা ব্রোকেন সফটওয়্যার

উইন্ডোজ ১০ দীর্ঘদিন ধরে এর টেস্টিং পর্যায়ে রয়েছে। কিছু কিছু অ্যাপ্লিকেশন রয়েছে যেগুলো এখনও কাজ করতে পারছে না, বিশেষ

করে পুরনো অ্যাপ্লিকেশনে। যদি এটি অ্যাপ্লাই করা হয়, তাহলে আপনার প্রধান কাজ হবে প্রোগ্রামের আপডেট চেক করা যতক্ষণ পর্যন্ত না একটি নতুন ফিল্ড চালু করা। সুতরাং আপ ফোরাম চেক করে দেখুন বা ডেভেলপারদের সাথে সরাসরি যোগাযোগ করে দেখতে পারেন।

উইন্ডোজ ১০-এ কম্প্যাটিবিলিটি মোড এখনও রয়েছে এবং সংশোধিত। সুতরাং এটি নিয়ে পরীক্ষা করে দেখতে পারেন। এজন্য একটি

এক্সেলিউটিবল ফাইলে ডান ক্লিক করুন এবং বেছে নিন Properties অপশন। এরপর ওপেন করুন Compatibility ট্যাব। এখান থেকে আপনি প্রোগ্রাম রান করতে পারবেন। মনে হবে আপনি উইন্ডোজের একটি ভিল্ল ভার্সন রান করছেন। এটি যে কাজ করবে তা নিশ্চিত করে বলা যাবে না, তবে সহায়তা করতে পারে।

টাচপ্যাড সংশ্লিষ্ট সমস্যা

ব্যবহারকারীরা মাঝেমধ্যে ট্রাকপ্যাড সংশ্লিষ্ট সমস্যায় পড়ে থাকেন, যা মোটেও কাম্য নয়। ইনপুট ডিভাইসের চমৎকার সব আকর্ষণীয় ক্ষমতা বা ফিচার সবসময় অপারেটিং সিস্টেমের আপডেটের সাথে সাথে পুরনো হয়ে পরিত্যক্ত হয়। দুর্ভাগ্যজনকভাবে আপনার ল্যাপটপ প্রস্তুতকারকেরা বা মাইক্রোসফট যতক্ষণ পর্যন্ত না এ সমস্যা সমাধানের জন্য প্যাচ অবশ্যই করছে।

প্রস্তুতকারকদের ফোরামে মনোনিবেশ করে আপনার সমস্যার ধরন প্রকৃতি তুলে ধরলে সমস্যার সমাধানের উপদেশ বা নির্দেশাবলী



চিত্র-৩ : টাচ প্যাড সংশ্লিষ্ট সমস্যা সমাধান করা

পেতে পারেন এবং নির্দেশাবলী অনুসরণ করলে হয়তো সিস্টেমের গতি কিছুটা বাড়তে পারে। এছাড়া বর্তমান টাচপ্যাড ড্রাইভারকে আনইনস্টল করে ইনস্টল করুন কন্ট্রুল প্যানেলের ডিভাইস ম্যানেজারের মাধ্যমে। এতে ডিভাইস আবার ভালোভাবে কাজ করতে পারবে।

আপডেটের পর রিবুট লুপ

অতি সাম্প্রতিক আপডেটগুলোর মধ্যে অন্যতম একটি আপডেট মাইক্রোসফটের মাধ্যমে সংঘটিত হয়। কেননা ব্যবহারকারীদের একটি বড় অংশই রিবুট লুপে আটকে থাকে। আপত্তি দৃষ্টিতে মনে হয়, মাইক্রোসফট এখন পর্যন্ত আপডেট এবং প্যাচ প্রসেসকে পারফেক্ট বা যথাযথ হিসেবে প্রতিষ্ঠা করতে পারেন। যদি

(বাকি অংশ ৬৪ পৃষ্ঠায়)